সুবহে সাদিকের আগে আগেই তোমরা বিতর পড়ে নিবে।

ইবন উমার রাদিয়াল্লাহু ‘আনহুমা থেকে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “সুবহে সাদিকের আগে আগেই তোমরা বিতর পড়ে নিবে।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

হাদীসের অর্থ: বিতরের সালাত রাতের শেষভাগে বিলম্ব করে আদায় করা মুস্তাহাব। তবে যে ব্যক্তি বিতরের সালাত রাতের শেষভাগে বিলম্বে আদায় করে তার সতর্ক থাকা উচিৎ এবং সুবহে সাদিক উদিত হওয়ার আগেই আদায় করা। কেননা বিতরের শেষ সময় হলো সুবহি সাদিকের পূর্ব পর্যন্ত। বিতরের সালাত আদায়ের পূর্বে ফজরের সময় হয়ে গেলে বিতরের সালাতের ফযীলত ছুটে যাবে।

https://sunnah.global/hadeeth/bn/show/3655